# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা
ই-মেইলঃdkibelection2018@gmail.com, ওয়েবঃ www.dkib.org

স্মারক নংঃ-ডিকেআইবি/নির্বাচন/২০১৮/১৭ তারিখঃ- ২৬/০৯/২০১৮খ্রিঃ

## ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ/নির্বাচন-২০১৮ এর

## নির্বাচনী তফসিল

| ক্রঃ নং | বিবরণ | নির্বাচনী কার্যক্রমের তারিখ ও বার | | | | সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্বাচন | অঞ্চল/সমন্বয় কমিটির নির্বাচন | জেলা/ মহানগর কমিটির নির্বাচন | উপজেলা/ থানা/ ইউনিয়ন কমিটির নির্বাচন | |
| ০১ | মনোনয়নপত্র বিতরন ও গ্রহণ | ০৩/১০/১৮ হতে ০৫/১০/১৮ পর্যন্ত বুধবার হতে শুক্রবার | ০৪/১০/১৮ হতে ০৬/১০/১৮ পর্যন্ত বৃহস্পতি হতে শনিবার | ০৪/১০/১৮ হতে ০৬/১০/১৮ পর্যন্ত বৃহস্পতি হতে শনিবার | ০৪/১০/১৮ হতে ০৫/১০/১৮ পর্যন্ত বৃহস্পতি হতে শুক্রবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০২ | মনোনয়নপত্র বাছাই | ০৬/১০/১৮ শনিবার | ০৭/১০/১৮ রবিবার | ০৭/১০/১৮ রবিবার | ০৬/১০/১৮ শনিবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৩ | খসড়া প্রার্থী তালিকা প্রকাশ | ০৭/১০/১৮ রবিবার | ০৮/১০/১৮ সোমবার | ০৮/১০/১৮ সোমবার | ০৭/১০/১৮ রবিবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ | আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি | ০৮/১০/১৮ সোমবার | ০৯/১০/১৮ মঙ্গলবার | ০৯/১০/১৮ মঙ্গলবার | ০৮/১০/১৮ সোমবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৫ | প্রার্থী পদ প্রত্যাহার | ৯/১০/১৮ মঙ্গলবার | ১০/১০/১৮ বুধবার | ১০/১০/১৮ বুধবার | ০৯/১০/১৮ মঙ্গলবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৬ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ১০/১০/১৮ বুধবার | ১১/১০/১৮ বৃহস্পতিবার | ১১/১০/১৮ বৃহস্পতিবার | ১০/১০/১৮ বুধবার | প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৭ | ভোট গ্রহণ | ২৭/১০/১৮ শনিবার | ২৭/১০/১৮ শনিবার | ২৭/১০/১৮ শনিবার | ২০/১০/১৮ শনিবার | সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোট গ্রহন চলবে |

(মোঃ অজি উল্যাহ)
নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৭১১-৯৫৩৮৫২

(এম এ শওকত হোসেন)
নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৯১১-২৬৫৩০২

(মোঃ খায়রুল হাসান প্রধান)
প্রধান নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৭১৩-৫৪৪১০৫

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা

ই-মেইলঃdkibelection2018@gmail.com, ওয়েবঃ www.dkib.org

## ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ- এর উপজেলা/থানা/ইউনিট নির্বাহী কমিটি, জেলা/মহানগর/ বিভাগ/সংস্থা/ নির্বাহী কমিটি, অঞ্চল নির্বাহী কমিটি/সমন্বয় নির্বাহী কমিটি এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটি'র নির্বাচন/২০১৮ এর নীতিমালাঃ

০১। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ- এর বিদ্যমান গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচনী কার্যক্রম পরিচালিত হবে।

০২। কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি কর্তৃক প্রণয়নকৃত ও অনুমোদনকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী সকল স্তরের নির্বাচন/২০১৮ অনুষ্ঠিত হবে।

০৩। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন সমূহ দুই পর্যায়ে আলাদা আলাদা তারিখে অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে একই তারিখে সকল উপজেলা/থানা/ইউনিট নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। দ্বিতীয় পর্যায়ে একই তারিখে কেন্দ্রীয় নির্বাহী কমিটি, সকল অঞ্চল নির্বাহী কমিটি/সংস্থা সমন্বয় নির্বাহী কমিটি এবং সকল জেলা/বিভাগ/সংস্থা/মহানগর কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে।

০৪। কেন্দ্রীয় নির্বাহী কমিটির মনোয়নপত্র বিতরণ ও গ্রহন এবং নির্বাচনী তফসিলের আনুষঙ্গিক কার্যক্রম প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে সম্পন্ন করা হবে। উপজেলা/থানা/ইউনিট নির্বাহী কমিটি, জেলা/মহানগর/ বিভাগ/ সংস্থা/ নির্বাহী কমিটি, অঞ্চল নির্বাহী কমিটি/ সমন্বয় নির্বাহী কমিটির মনোয়নপত্র বিতরণ ও গ্রহন এবং যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করণ স্ব স্ব স্তরের রিটার্নিং অফিসার সম্পন্ন করবেন।

০৫। সকল স্তরের নির্বাহী কমিটির কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শাখার ভোটার তালিকার অন্তর্ভূক্ত সকল সদস্যগণের ভোটে/ সমর্থনে নির্বাচিত হবেন।

০৬। সংস্থা সমন্বয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাগণ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ব্যতিত অন্যান্য বিভাগ/ সংস্থায় কর্মরত ভোটার তালিকায় সকল সদস্যগণের ভোটে/ সমর্থনে নির্বাচিত হবেন।

০৭। (ক) কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি পদে দেশের প্রতিটি প্রশাসনিক বিভাগ থেকে ১(এক) জনকরে এবং সংস্থা হতে ১(এক) জনসহ-সভাপতি নির্বাচিত/ মনোনিত হবেন।

(খ) নির্দিষ্ট প্রশাসনিক বিভাগ এর সহ-সভাপতি পদে অন্য প্রশাসনিক বিভাগ বা সংস্থার কোন ভোটার প্রার্থী হতে পারবেন না বা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(গ) সংস্থার সহ-সভাপতি, সহ-সাংগঠনিকও গবেষণা ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে প্রশাসনিক বিভাগ এর কোন ভোটার প্রার্থী হতে পারবেন না।

(ঘ) প্রতিটিপ্রশাসনিক বিভাগ থেকে সহসভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে কেন্দ্রীয় ভোটার তালিকা থেকে সর্বাধিক ভোট প্রাপ্ত প্রার্থী ঐ অঞ্চল থেকে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহসভাপতি পদে নির্বাচিত/ মনোনিত বলে বিবেচিত হবেন।

০৮। (ক) কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক পদে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর প্রতিটি প্রশাসনিক অঞ্চল থেকে একজন করে এবং সংস্থা হতে একজন সহ-সাংগঠনিক সম্পাদক নির্বাচিত/ মনোনিত হবেন।

(খ) ডিএই এর নির্দিষ্ট প্রশাসনিক অঞ্চল এর সহ-সাংগঠনিক সম্পাদক পদে অন্য অঞ্চল বা সংস্থার কোন ভোটার প্রার্থী হতে পারবেন না।

(গ)ডিএই এর প্রতিটি প্রশাসনিক অঞ্চল থেকে সহ-সাংগঠনিক সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে কেন্দ্রীয় ভোটার তালিকা থেকে সর্বাধিক ভোট প্রাপ্ত প্রার্থী ঐ অঞ্চলথেকে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক পদে নির্বাচিত/ মনোনিত বলে বিবেচিত হবেন।

০৯। কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতির একটি, সহ-সাংগঠনিক সম্পাদকের একটি ও গবেষণা ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদ সহ মোট ৩(তিন)টি পদ সংস্থার জন্য সংরক্ষিত থাকবে। উক্ত পদসমূহে শুধুমাত্র সংস্থায় কর্মরত ভোটাধিকার প্রাপ্ত ভোটারগণই নির্বাচনে প্রার্থী/প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকায় আওতাভূক্ত মহিলা সম্পাদক পদের জন্য কেবলমাত্র চূড়ান্ত ভোটার তালিকায় আওতাভূক্ত মহিলা সদস্যরা প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা
ই-মেইলঃdkibelection2018@gmail.com, ওয়েবঃ www.dkib.org

১০। মনোনয়নপত্র সংগ্রহের ক্ষেত্রে প্রার্থীগণকে অবশ্যই সংশ্লিষ্ট শাখার/স্তরের নির্বাচন কমিশনের সিল মোহর সম্বলিত এবং সংশ্লিষ্ট শাখার রিটার্নিং অফিসারের স্বাক্ষর সম্বলিত মনোনয়নপত্র গ্রহন করতে হবে এবং কমিশন কর্তৃক সরবরাহকৃত মনোনয়নপত্রের ফটোকপি গ্রহনযোগ্য হবে না এবং মনোনয়নপত্রে প্রার্থীগণের তথ্যাদি লিপিবদ্ধ করার ক্ষেত্রে কোন প্রকার কাটাকাটি ও ঘষা/মাজা চলবে না।

১১। কেন্দ্রীয় নির্বাহী কমিটির জন্য ব্যালট পেপার হবে সবুজ,অঞ্চল/সমন্বয় কমিটি হলুদ, জেলা/মহানগর/বিভাগ কমিটি গোলাপি এবং উপজেলা/ থানা/ ইউনিট নির্বাহী কমিটির ব্যালট পেপার হবে সাদা রঙের ।

১২। নির্বাচন তফসিল ঘোষিত হওয়ার পর সংশ্লিষ্ট স্তরের নির্বাহী কমিটির কোন কর্মকর্তা ইনস্টিটিউশনের তহবিল থেকে ব্যয় নির্বাহ করে নির্বাচনী ভ্রমন এবং প্রচার সংক্রান্ত কোন কাজে ব্যয় করতে পারবেন না/ পূর্বের সাংগঠনিক পদবী ব্যবহার করতে পারবেন না।

১৩। (ক) কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রাপ্ত ভোটার তালিকা/২০১৮ এর সকল ভোটার নির্বাচনে অংশ গ্রহন ও ভোট দিতে পারবেন।

(খ) ভোটার তালিকা অনুমোদন ও নির্বাচনী তফসিল ঘোষনার পর নির্বাচন অনুষ্ঠানের পূর্বে কোন শাখার ভোটার এর বদলী জনিত কারণে ঐ শাখার বাহিরে নতুন কর্মস্থলে যোগদান করিলে পূর্ববতী শাখার ভোটার তালিকা থেকে তার নাম বাদ যাবে।

(গ) ভোটার তালিকা অনুমোদন ও নির্বাচন তফসিল ঘোষনার পর নির্বাচন অনুষ্ঠানের পূর্বে কোন শাখার ভোটার বদলী জনিত কারণে নতুন কর্মস্থলে যোগদান করিলে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তা/ রিটার্নিং অফিসার কর্তৃক অনুমোদন সাপেক্ষে যোগদানকৃত শাখার ভোটার তালিকায় নির্বাচনের পূর্ব দিন পর্যন্ত অন্তর্ভূক্ত হতে পারবেন। উল্লেখ যে, কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ভোটার তালিকা বহির্ভূত কোন সদস্যের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

১৪। নির্বাচন কমিশনের পক্ষে প্রধান নির্বাচন কর্মকর্তা সকল স্তরের নির্বাচনী তফসিল ঘোষনা করবেন। যেকোন স্তরের তফসিল পরিবর্তন, সংযোজন, বিয়োজন, নির্বাচন স্থগিত এবং নির্বাচন বাতিল করার ক্ষমতা প্রধান নির্বাচন কর্মকর্তা সংরক্ষন করেন।

১৫। অনিবার্য কারণবশত ঘোষিত তফসিল অনুযায়ী নির্ধারিত সময়ে নির্বাচন সম্পন্ন না হলে নির্বাচন স্থগিতের পূর্বে সম্পন্নকৃত কার্যক্রমেরপরবর্তী কার্যক্রম সমূহ পুন:নির্ধারিত তফসিল অনুযায়ী নির্বাচন সম্পন্ন হবে।

১৬। সকল স্তরের ভোট গ্রহন উপজেলা/থানা/ ইউনিট সদর দপ্তরে সম্পন্ন হবে। তবে প্রয়োজনীয় সংখ্যক বুথ স্থাপন করা যাবে এবং প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসার নিয়োগ করা যাবে।

১৭। নির্বাচনী কর্মকর্তা শান্তি শৃঙ্খলা রক্ষার স্বার্থে প্রয়োজনবোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সহযোগীতা নিতে পারবেন।

১৮। স্ব স্ব শাখার নির্বাচনে প্রার্থী হতে হলে সংশ্লিষ্ট শাখার ভোটার তালিকায় নাম থাকতে হবে। কোন ব্যাক্তি একই সাংগঠনিক স্তরে একাধিক পদে প্রার্থী হতে পারবেন না। প্রার্থী যোগ্যতা নির্বাচন কমিশন কর্তৃক প্রনীত নির্বাচনী নীতিমালা ২০১৮ এবং গঠনতন্ত্রের আলোকে সম্পন্ন হবে।

১৯। নির্ধারিত তফসিলে মনোনয়নপত্র জমাদানের পর সংশ্লিষ্ট শাখার কোন প্রার্থীর মৃত্যু হলে অথবা বদলী/পদোন্নতি জনিত কারণে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার বাহিরে নতুন কর্মস্থলে যোগদান করলে শুধুমাত্র ঐ পদের নির্বাচন স্থগিত হবে এবং পূনরায় নতুন তফসিলের মাধ্যমে ঐ পদের নির্বাচন সম্পন্ন করতে হবে।

২০। নির্বাচন কমিশনের কোন কর্মকর্তাই নির্বাচনে প্রার্থী, সমর্থনকারী অথবা প্রস্তাবকারী হতে পারবেন না। তবে ভোটের গোপনীয়তা রক্ষা করে ভোট প্রদান করতে পারবেন।

২১। একজন প্রস্তাবকারী কিংবা একজন সমর্থনকারী একই পদের জন্য একাধিক প্রার্থীর সমর্থনকারী কিংবা প্রস্তাবকারী হতে পারবেন না। যেকোন স্তরের নির্বাহী কমিটির নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থীর মনোনয়নপত্রে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত ১ (এক) জন প্রস্তাবকারী এবং ১ (এক) জন সমর্থনকারী স্বাক্ষর থাকতে হবে।

২২। প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী যে পদের জন্য প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হিসাবে স্বাক্ষর করবেন তারা উক্ত পদের জন্য প্রার্থী হতে পারবেন না এবং একই পদের জন্য একাধিক প্রার্থীর প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হতে পারবেন না।

২৩। প্রার্থী কর্তৃক যেকোন প্রকার আপত্তি/আপিল প্রধান নির্বাচন কর্মকর্তা কর্তৃক ঘোষিত নির্বাচনী তফসিলে বর্ণিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে লিখিতভাবে জানাতে হবে।

২৪। ক্রটিপূর্ণ, অসম্পন্ন, অসত্য তথ্যাদি সম্বলিত মনোয়নপত্র বাতিল বলে গন্য হবে।

২৫। গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৯.৩ অনুযায়ী নির্বাচনী ব্যয় সম্পাদিত হবে।

২৬। বাতিলকৃত মনোনয়নপত্র প্রসংগে ২৪ ঘন্টার মধ্যে আপিল করতে পারবেন। বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে নির্বাচন কমিশন যে সিদ্ধান্ত নিবেন তাহাই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭। সকল স্তরের মনোনয়নপত্র ক্রয় করার সময় পদের নাম ও প্রার্থীর নাম উল্লেখ করে প্রার্থী নিজে অথবা মনোনীত ব্যক্তি দ্বারা ক্রয় করতে পারবেন এবং জমা দিতে পারবেন। মনোনয়ন পত্র গ্রহণ এবং জমাদান বিষয়ে অনলাইনের মাধ্যমে করা যাবে। অনলাইনে আবেদনের খরচসহ বিকাশে টাকা পাঠাতে হবে। তবে প্রার্থী পদ প্রত্যাহার, আপত্তি ইত্যাদি ক্ষেত্রে স্ব শরীরে নির্বাচন কমিশনারের কার্যালয়ে উপস্থিত হতে হবে।

২৮। উপজেলা/থানা/ইউনিট শাখার নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসারের নিকট হইতে প্রার্থী হইতে ইচ্ছুক ব্যক্তি/প্রার্থীর পক্ষে যেকোন ব্যাক্তি ২০০/- (দুইশত) টাকা মূল্য দিয়ে মনোনয়নপত্র ক্রয় করতে পারবেন। উক্ত শাখার সভাপতি ও সাধারন সম্পাদক পদের জন্য জামানত ৫০০/- (পাঁচশত) টাকা এবং সদস্য ও অন্যান্য পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা নগদ প্রদান করে রশিদ গ্রহন পূর্বক উক্ত রশিদ মনোনয়নপত্র সহিত দাখিল করতে হবে।

২৯। অঞ্চল /সমন্বয়/জেলা/ মহানগর/ বিভাগ/ সংস্থা শাখার প্রার্থী হইতে ইচ্ছুক ব্যক্তি/প্রার্থীর পক্ষের যেকোন ব্যক্তি ২০০/- (দুইশত) টাকা মূল্য প্রদান পূর্বক রিটার্নিং অফিসারের নিকট হতে মনোনয়নপত্র ক্রয় করতে পারবেন। উক্ত শাখার সভাপতি, সিনিয়র সহ সভাপতি ও সাধারন সম্পাদক পদের জন্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা নগদ প্রদান করে রশিদ গ্রহন পূর্বক উক্ত রশিদ মনোনয়নপত্রের সহিত দাখিল করতে হবে।

৩০। কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্বাচনের জন্য ব্যক্তি/প্রার্থীর পক্ষের যেকোন ব্যক্তি প্রধান নির্বাচন কর্মকর্তার নিকট থেকে ৩০০/- (তিনশত) টাকা ফি প্রদান করে পদের নাম ও প্রার্থীর নাম উল্লেখ পূর্বক মনোনয়নপত্র ক্রয় করতে পারবেন এবং প্রধান নির্বাচন কমিশনের বরাবরে সভাপতি, সিনিয়র সহ-সভাপতিও মহাসচিব পদের জন্য ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য সকল পদের জন্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নগদ প্রদান করে রশিদ গ্রহন পূর্বক উক্ত রশিদ মনোনয়ন পত্রের সহিত দাখিল করতে হবে।

৩১। ভোট গ্রহনের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

৩২। সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহন কাজ চলবে। ভোট গ্রহণ সমাপ্তির পরপরই নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ভোট গণনা সম্পন্ন করবেন। ভোট গণনার সময় ইচ্ছা করলে কোন প্রার্থী বা তাঁর একজন মনোনীত প্রতিনিধি উপস্থিত রাখতে পারবেন। উল্লেখ যে, সর্বস্তরের নির্বাচনের ফলাফল সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত হতে হবে।

৩৩। (ক) উপজেলা/থানা/ইউনিট শাখার ভোট গ্রহন করার পরপরই ভোট গণনা কার্য শেষ করে প্রিজাইডিং অফিসার নির্বাচনী ফলাফল ঘোষনা করবেন এবং ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে জেলা/মহানগর/বিভাগ/সংস্থা শাখার রিটার্নিং অফিসারের নিকট অনুমোদনের জন্য ৩ (তিন) কপি ফলাফল প্রেরণ করবেন। এছাড়া অবগতির জন্য নির্বাচন কমিশন ই-মেইলেঃdkibelection2018@gmail.com ফলাফল সীট প্রেরণ করবেন।

(খ) জেলা/মহানগর/বিভাগ/সংস্থা শাখার রিটার্নিং অফিসারগণ উপজেলা/ থানা/ ইউনিট শাখার সহকারি রিটার্নিং অফিসার/প্রিজাইডিং অফিসারের নিকট হতে প্রাপ্ত ফলাফল ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে অনুমোদন করে কার্যরত কমিটির সভাপতি/ সাধারন সম্পাদক,নব নির্বাচিত কমিটির সভাপতি/ সাধারন সম্পাদক এবং প্রধান নির্বাচন কর্মকর্তাকে ১ (এক) কপি করে ফলাফল প্রেরণ করবেন।

৩৪। প্রত্যেক জেলা/ মহানগর/বিভাগ/সংস্থা শাখার রিটার্নিং অফিসারগণ কেন্দ্রীয় নির্বহী কমিটির নির্বাচন সম্পন্ন হওয়ার পর বিভিন্ন প্রার্থীদের প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষনার সাথে সাথে তাৎক্ষনিকভাবে টেলিফোন/ মোবাইল/ ফ্যাক্স বার্তার মাধ্যমে প্রধান নির্বাচন কর্মকর্তার কন্ট্রোল রুমে টেলিফোনঃ ০২-৫৮১৫২৯২৩, নির্বাচন কর্মকর্তাদের মোবাইল নম্বরে এবং নির্বাচন কমিশন ই-মেইলে dkibelection2018@gmail.com প্রেরণ করবেন। ফলাফল ঘোষনার ৪৮ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারগণের স্বাক্ষর সম্বলিত ফলাফল পত্রের ৩(তিন) কপি প্রধান নির্বাচন কর্মকর্তার বরাবরে প্রেরন করবেন। উল্লেখ যে, সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের স্বাক্ষরবিহীন কোন ফলাফল গ্রহনযোগ্য হবে না।

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা

ই-মেইলঃdkibelection2018@gmail.com, ওয়েবঃ www.dkib.org

৩৫। (ক) জেলা/ মহানগর/বিভাগ/সংস্থা এবং অঞ্চল/ সমন্বয় শাখার ভোট গণনার কার্য সম্পন্ন করে রিটার্নিং অফিসার নির্বাচনী ফলাফল ঘোষনা করবেন এবং ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে ডাক/ ই-মেইল, মোবাইল বাহক মারফত উক্ত শাখার রিটার্নিং অফিসার কর্তৃক স্বাক্ষরিত ফলাফল জেলা/ মহানগর/ বিভাগ/ সংস্থার ৩ (তিন) কপি প্রধান নির্বাচন কর্মকর্তার কন্ট্রোল রুমে প্রেরন করবেন। উল্লেখ যে, অঞ্চল/ সমন্বয় শাখার ফলাফল সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ৩ (তিন) কপি প্রস্তুত করে সংশ্লিষ্ট অঞ্চল/ সমন্বয় শাখার রিটার্নিং অফিসার বরাবর প্রেরন করবেন।

(খ) অঞ্চল/ সমন্বয় শাখার রিটার্নিং অফিসারগণ প্রাপ্ত ফলাফল সমন্বয় করে নির্বাচনী ফলাফল ঘোষনা করবেন এবং ৩ (তিন) কপি ফলাফল অনুমোদনের জন্য ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে ই-মেইল এর মাধ্যমে প্রধান নির্বাচন কর্মকর্তা বরাবরে প্রেরন করবেন।

৩৬। জেলা/ মহানগর/বিভাগ/সংস্থা এবং অঞ্চল/ সমন্বয় শাখার রিটার্নিং অফিসারের নিকট হতে উক্ত শাখাসমূহের প্রাপ্ত ফলাফল প্রধান নির্বাচন কর্মকর্তা ১০(দশ) দিনের মধ্যে অনুমোদন করে সংশ্লিষ্ট শাখার রিটার্নিং অফিসার, কার্যরত কমিটি এবং নবনির্বাচিত কমিটির সভাপতি/সাধারন সম্পাদকের নিকট ১(এক) কপি করে প্রেরণ করবেন।

৩৭। প্রধান নির্বাচন কর্মকর্তা কেন্দ্রীয় নির্বাচন ফলাফল বিভিন্ন কেন্দ্র থেকে সংগ্রহ পূর্বক সমন্বয় করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করবেন এবং কার্যরত ও নবনির্বাচিত কেন্দ্রীয় কমিটিকে ১ (এক) কপি ফলাফল প্রদান করবেন।

৩৮। নির্বাচন কমিশন কর্তৃক প্রেরীত ছকপত্র অনুযায়ী মনোনয়নপত্র, ব্যালট পেপার, নির্বাচনী ফলাফল প্রতিবেদন ইত্যাদির আলোকে স্ব স্ব শাখার নির্বাচন সম্পন্ন করবেন।

৩৯। নির্বাচনী ফলাফল শেষে কোন প্রার্থী বা তার নির্বাচিত প্রতিনিধি ফলাফল চাইলে সংশ্লিষ্ট নির্বাচনী কর্মকর্তা ফলাফলের কপি প্রদান করবেন।

৪০। সম-সংখ্যক ভোটের ক্ষেত্রে (গঠনতন্ত্র অনুযায়ী) রিটার্নিং অফিসার/ প্রিজাইডিং অফিসার লটারির মাধ্যমে ফলাফল নির্ধারন পূর্বক ঘোষনা করবেন।

৪১। ভোট কেন্দ্রে সংশ্লিষ্ট নির্বাচনী কর্মকর্তা ভোট গ্রহন কালে কোন জটিলতা বা বিশৃঙ্খলা দেখা দিলে তাৎক্ষনিকভাবে উক্ত কেন্দ্রের নির্বাচন স্থগিত করতে পারবেন। তবে এ ক্ষেত্রে দ্রুত প্রধান নির্বাচন কর্মকর্তাকে বিষয়টি অবহিত করবেন।

৪২। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ প্রত্যেক কেন্দ্রে ঐ কেন্দ্রের অন্তর্ভূক্ত ভোটারদের মধ্যে একজনকে নির্বাচনী পোলিং এজেন্ট হিসাবে মনোনিত করতে পারবেন।

৪৩। প্রদত্ত ব্যালট পেপারে পছন্দনীয় প্রার্থীর নামের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করে ভোট প্রদান করতে হবে।

৪৪। নির্বাচনী নীতিমালায় উল্লেখ করা হয় নাই এমন কোন বিষয়ে গঠনতন্ত্রের আলোকে সিদ্ধান্ত গৃহীত হবে এবং নীতিমালা, আচরনবিধী এবং গঠনতন্ত্রের পরষ্পরের সাথে অসামঞ্জস্য দেখা দিলে প্রধান নির্বাচনী কর্মকর্তা সভাপতির সাথে আলোচনা সাপেক্ষে গঠনতন্ত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহন করবেন যাহা চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মোঃ আজি উল্যাহ)
নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৭১১-৯৫৩৮৫২

(এম এ শওকত হোসেন)
নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৯১১-২৬৫৩০২

(মোঃ খায়রুল হাসান প্রধান)
প্রধান নির্বাচনী কর্মকর্তা
ডিকেআইবি নির্বাচন/১৮
০১৭১৩-৫৪৪১০৫

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা

ই-মেইলঃ **dkibelection2018@gmail.com**, ডিকেআইবি ওয়েব সাইট- **www.dkib.org**

---

স্মারক নংঃ-ডিকেআইবি/নির্বাচন/২০১৮/ ১৮ তারিখঃ- ২৬/০৯/২০১৮খ্রিঃ।

## ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ/নির্বাচন-**২০১৮ এর**

# আচরন বিধি

১। ডিকেআইবি একটি অরাজনৈতিক পেশাজীবী সংগঠন বিধায় এর সকল স্তরের নির্বাচনে কোন রাজনৈতিক দলের ব্যানারে বা কোন নেতার ছবি সম্বলিত পোষ্টার/ব্যানার ব্যবহার করা যাবেনা।

২। কার্যরত কমিটির কোন প্রার্থী সাংগঠনিক ব্যয়ে নিজস্ব নির্বাচনী প্রচারনা করতে পারবে না।

৩। কোন প্রতিদ্বন্ধী প্রার্থীর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনরুপ কুৎসা রটনা করা যাবে না।

৪। নির্বাচনী প্রচার প্রচারনার ক্ষেত্রে মিছিল, শোভাযাত্রা, দেওয়াল লিখন ইত্যাদি করা যাবে না।

৫। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর স্বার্থ বিরোধী কোন প্রচার প্রচারনা করা যাবে না।

৬। নির্বাচনী প্রচার প্রচারনার ক্ষেত্রে রঙ্গিন পোষ্টার ও লিফলেট ব্যবহার যাবে না।

৭। নির্বাচনী প্রচার প্রচারনার ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রচারনার কাজে বাধা দেয়া যাবে না।

৮। নির্বাচনে কোনরুপ আপ্যায়ন, ক্যাম্প করে আর্থিক উপঢৌকন দেওয়া সম্পূর্ণরুপে বে-আইনী বলে বিবেচিত হবে।

৯। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার কোন প্রতিনিধি নির্বাচনে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সহিত অনৈতিক, অসদাচরন, বিধি বহির্ভূত আচরন/ অযৌক্তিক দাবী করতে পারবেন না।

১০। সকল প্রার্থীগন দেশের প্রচলিত আইন কানুন ও নির্বাচন সংশ্লিষ্ট নিয়ম নীতি মেনে চলতে বাধ্য থাকবেন।
উল্লেখিত আচরণ বিধি ভঙ্গের দায়ে কেউ অভিযুক্ত হলে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

| | | |
|---|---|---|
| (মোঃ অজি উল্যাহ) | (এম এ শওকত হোসেন) | (মোঃ খায়রুল হাসান প্রধান) |
| নির্বাচনী কর্মকর্তা | নির্বাচনী কর্মকর্তা | প্রধান নির্বাচনী কর্মকর্তা |
| ডিকেআইবি নির্বাচন/১৮ | ডিকেআইবি নির্বাচন/১৮ | ডিকেআইবি নির্বাচন/১৮ |
| ০১৭১১-৯৫৩৮৫২ | ০১৯১১-২৬৫৩০২ | ০১৭১৩-৫৪৪১০৫ |

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, নির্বাচন-২০১৮

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ,শংকর(পশ্চিম ধানমন্ডি),ঢাকা
ই-মেইলঃ **dkibelection2018@gmail.com** ডিকেআইবি ওয়েব সাইট- **www.dkib.org**

## মনোনয়ন পত্র

আমি.................................. .................................. পিতা............ .................. .. ....................
মাতা................................. ..................................অফিস...........................................................
উপজেলা..........................জেলা.............................. ভোটার নং......................... সদস্য নং.......................
ডিকেআইবি নির্বাচন-২০১৮ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির অধীন.............................................. ......... পদের প্রার্থী হিসাবে আবেদন করছি।

আমি অঙ্গীকার করছি যে,আমার দেয়া তথ্যাদি সঠিক ও নির্ভূল। আমার দেয়া তথ্যাদি যদি ভূল প্রমানিত হয় তাহলে নির্বাচন কমিশন কর্তৃক যে কোন সিদ্ধান্ত অথবা আমার মনোনয়নপত্র বাতিল করা হলে আমার কোন আপত্তি থাকবে না।

তারিখ........................

আবেদনকারীর স্বাক্ষর
ভোটার নং....................

## প্রস্তাবকারীর বিবরন

আমি................................. .................................. পিতা............ .................. ..... ....................
মাতা................................. ..................................অফিস...........................................................
উপজেলা..........................জেলা.............................. ভোটার নং......................... সদস্য নং.......................
জনাব ........................................... . এর নাম ...................................... পদের প্রার্থী হিসাবে প্রস্তাব করছি।

তারিখ........................

প্রস্তাবকারীর স্বাক্ষর
ভোটার নং....................

## সমর্থনকারীর বিবরন

আমি.................................. .................................. পিতা............ ..................... ....................
মাতা................................. ..................................অফিস...........................................................
উপজেলা..........................জেলা.............................. ভোটার নং......................... সদস্য নং.......................
জনাব ........................................... . এর ...................................... পদের প্রস্তাবকে সমর্থন করছি।

তারিখ........................

সমর্থনকারীর স্বাক্ষর
ভোটার নং....................

---

## নির্বাচন কমিশনে ব্যবহারের জন্য

ক্রমিক নং-

তারিখ.............................

জনাব ................................. ................................................................ ডিকেআইবি নির্বাচন-২০১৮ এর কেন্দ্র/অঞ্চল/সমন্বয়/মহানগর/জেলা/বিভাগ/সংস্থার অধীন.................................................. পদের আবেদন পত্রটি সরাসরি/অনলাইনে গ্রহন করা হল।

তারিখ........................

গ্রহনকারীর স্বাক্ষর
নির্বাচন কমিশন এর পক্ষে

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, নির্বাচন-২০১৮

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ,শংকর(পশ্চিম ধানমন্ডি),ঢাকা

ই-মেইলঃ **dkibelection2018@gmail.com** ডিকেআইবি ওয়েব সাইট- **www.dkib.org**

# মনোনয়ন পত্র

আমি................................ ................................. পিতা............ .................. .. ...................
মাতা................................ .................................অফিস................................................................
উপজেলা.........................জেলা............................. ভোটার নং........................ সদস্য নং.......................
ডিকেআইবি নির্বাচন-২০১৮ এর অঞ্চল/সমন্বয়/মহানগর/জেলা/বিভাগ/সংস্থা/উপজেলা/ইউনিট এর অধীন.......................
......................................................................... পদের প্রার্থী হিসাবে আবেদন করছি।

আমি অঙ্গীকার করছি যে,আমার দেয়া তথ্যাদি সঠিক ও নির্ভূল। আমার দেয়া তথ্যাদি যদি ভূল প্রমানিত হয় তাহলে নির্বাচন কমিশন কর্তৃক যে কোন সিদ্ধান্ত অথবা আমার মনোনয়নপত্র বাতিল করা হলে আমার কোন আপত্তি থাকবে না।

তারিখ........................

**আবেদনকারীর স্বাক্ষর**
ভোটার নং....................

## প্রস্তাবকারীর বিবরন

আমি................................ ................................. পিতা............ .................. ..... ...................
মাতা................................ .................................অফিস................................................................
উপজেলা.........................জেলা............................. ভোটার নং........................ সদস্য নং.......................
জনাব ........................................ . এর নাম .................................... পদের প্রার্থী হিসাবে প্রস্তাব করছি।

তারিখ........................

**প্রস্তাবকারীর স্বাক্ষর**
ভোটার নং....................

## সমর্থনকারীর বিবরন

আমি................................ ................................. পিতা............ .................. ...................
মাতা................................ .................................অফিস................................................................
উপজেলা.........................জেলা............................. ভোটার নং........................ সদস্য নং.......................
জনাব ........................................ . এর ...................................... পদের প্রস্তাবকে সমর্থন করছি।

তারিখ........................

**সমর্থনকারীর স্বাক্ষর**
ভোটার নং....................

---

## নির্বাচন কমিশনে ব্যবহারের জন্য

ক্রমিক নং- তারিখ..............................
জনাব ................................ ............................................................... ডিকেআইবি নির্বাচন-২০১৮ এর অঞ্চল/সমন্বয়/মহানগর/জেলা/বিভাগ/সংস্থার অধীন...................................................... পদের আবেদন পত্রটি সরাসরি/অনলাইনে গ্রহন করা হল।

তারিখ........................

গ্রহনকারীর স্বাক্ষর
নির্বাচন কমিশন এর পক্ষে

# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান নির্বাচন কর্মকর্তার কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা

ই-মেইলঃ **dkibelection2018@gmail.com**, ডিকেআইবি ওয়েব সাইট- **www.dkib.org**

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ/নির্বাচন-২০১৮ এর

# অনলাইনে আবেদনের নিয়মাবলী

০১। কেবলমাত্র কেন্দ্রীয় নির্বাহী কমিটির মনোনয়নপত্র ক্রয় ও জমা অনলাইনের মাধ্যমে করা যাবে।

০২। অনলাইনে মনোনয়নপত্র জমা দেওয়ার পর ০৭/১০/২০১৮ইং তারিখের মধ্যে নির্বাচন কমিশন ১৪৬/১, জাফরাবাদ, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকায় আবেদনের মূল কপি আবশ্যিকভাবে রাত ৯.০০টার মধ্যে পৌছাতে হবে। অন্যথায় অনলাইনে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। মনোনয়নপত্র ক্রয় ও জমাদানের নির্ধারিত অর্থ ফি/ সার্ভিস চার্জসহ বিকাশ এর মাধ্যমে পাঠাতে হবে এবং বিকাশে টাকা পাঠানোর পর মোবাইল ও TrxID নম্বর মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনপত্রটি গ্রহণযোগ্য হবে না।

০৪। অর্থ পাঠানোর বিকাশ নম্বরঃ **017135-44105(Personal).**

| | | |
|---|---|---|
| (মোঃ অজি উল্যাহ) | (এম এ শওকত হোসেন) | (মোঃ খায়রুল হাসান প্রধান) |
| নির্বাচনী কর্মকর্তা | নির্বাচনী কর্মকর্তা | প্রধান নির্বাচনী কর্মকর্তা |
| ডিকেআইবি নির্বাচন/১৮ | ডিকেআইবি নির্বাচন/১৮ | ডিকেআইবি নির্বাচন/১৮ |
| ০১৭১১-৯৫৩৮৫২ | ০১৯১১-২৬৫৩০২ | ০১৭১৩-৫৪৪১০৫ |